

মনন

Multi-Disciplinary & Peer-Reviewed Journal

Vol. 9th Issue 1st, January, 2019

UGC Approved Journal No. 40975

সম্পাদক

সৌরভ বর্মন

মনন

গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগণা, পিন - ৭৪৩২৭৩

রবীন্দ্রনাথের চিঠি পত্রের দর্পণে: আধুনিক কবি সুধীন্দ্রনাথ

স্তারাপদ বেরা*

সারাংশ : রবীন্দ্রোত্তর আধুনিক কবিরা কোনো কোনো ক্ষেত্রে ছিলেন রবীন্দ্রনিরোধী। যদিও সেই বিরোধিতা পরিপতিতে প্রপতিতে গিয়ে পৌঁছেছিল। তা সত্ত্বেও রবীন্দ্রনাথ আধুনিক সাহিত্যিকদের সঙ্গে তাঁর সম্পর্কে তার কোনো প্রভাব পড়তে দেন নি। উদার ও মতৎ হৃদয় রবীন্দ্রনাথের এই অনন্য পরিচয় অনেকাংশে ধরা পড়েছে জীবনানন্দ, বৃক্ষসেব বসু, সুধীন্দ্রনাথ দত্ত বা বিষ্ণু দে প্রমুখ কবিকে লেখা চিঠিতে। আলোচ্য প্রসঙ্গে কবি সুধীন্দ্রনাথ দত্তকে লেখা রবীন্দ্রনাথের চিঠি পত্রগুলি আলোচিত হবে।

রবীন্দ্রনাথের য়েহধন্য রবীন্দ্রোত্তর আধুনিক যুগের অন্যতম কবি সুধীন্দ্রনাথ দত্ত। তিনি জন্মগ্রহণ করেন বিংশশতাব্দীর সূচনাবর্ষ ১৯০১ সালে। প্রথম দিকে সুধীন্দ্রনাথের কাব্য রচনায় রবীন্দ্রনাথের ছায়াপাত ঘটলেও পরে এই প্রভাব মুক্ত হয়ে স্বতন্ত্র ধারায় সাহিত্য রচনা করেন। সুধীন্দ্রনাথের পিতা হীরেন্দ্রনাথ দত্ত তাঁকে মাত্র তেরো বছরে বাসে কাশীতে পাঠিয়েছিলেন থিয়সফিক্যাল হাইস্কুলে পড়াশোনার জন্য। এই স্কুলে সুধীন্দ্রনাথ বিশেষ ভাবে পড়েছিলেন সংস্কৃত আর ইংরেজি। দর্শন, ইতিহাস পড়ার পাশাপাশি হিন্দিও পড়েছিলেন। কিন্তু বাংলা ভাষার চর্চা এই বিদ্যালয়ে ছিল না। তাই ১৯১৭ সালে কলকাতায় ফিরে এসে ভালো করে বাংলা শিখেছিলেন তিনি। এর ফলে সুধীন্দ্রনাথের ভাবার ধরন কিছুটা আভিধানিক হয়ে পড়ে—যার প্রভাব পড়েছিল তাঁর কাব্যভাষায়।

সুধীন্দ্রনাথের বাবা হীরেন্দ্রনাথ ছিলেন এক প্রখ্যাত আর্টনি এবং রবীন্দ্রনাথের অন্তরঙ্গ বন্ধু। সুধীন্দ্রনাথ তাঁর বাবার ইচ্ছায় এম.এ. এবং ল পড়ার জন্য তর্টি হন কিন্তু কোনো পরীক্ষা না দেওয়ার জন্য সেই পাঠ অসম্পূর্ণ থেকে যায়। ১৯২৮ সালের দিকে সুধীন্দ্রনাথ পিতৃপরিচয় সূত্রে জোড়াসাঁকোর রবীন্দ্রনাথের কাছে নিয়মিত ব্যতায়িত শুরু করেন। ইংরেজি সাহিত্যের ছাত্র সুধীন্দ্রনাথের সঙ্গে রবীন্দ্রনাথ পাশ্চাত্য কবিতার আধুনিক দিক নিয়ে নানা আলোচনা-আলোচনা, তর্ক-বিতর্ক করতেন। এই রকম এক বিতর্কের জবাবে সুধীন্দ্রনাথ রচনা করেন 'কুকুট' নামে একটি কবিতা। রবীন্দ্রনাথের আগ্রহে এই

*অধ্যাপক, বাংলা বিভাগ, তাম্রলিঙ মহাবিদ্যালয়।